জয় বাংলা জয় বঙ্গবন্ধু

# বাংলাদেশ আওয়ামী লীগ অষ্ট্রেলিয়া শাখা

**রেজিষ্ট্রেশন নং - INC9891675**
**কার্যালয়ঃ** ৫/১০৪ ক্রয়ডন স্ট্রিট, লাকেম্বা, এন, এস, ডাব্লিউ - ২১৯৫, অস্ট্রেলিয়া।
ফোনঃ ৬১ + ৪০১-৮৫৫-০৫৯; ৬১ + ০৪০১-৪৫১-৪৫৭
ফ্যাকস্: ৬১ + ৩ + ৯৯২৫-৫৯২৫
ই-মেইলঃ shams.rahman@rmit.edu.au

## প্রেস বিজ্ঞপ্তি

### মাননীয় প্রধানমন্ত্রীর সাথে অস্ট্রেলিয়াস্থ আওয়ামী লীগ-এর সভাপতি ও সাধারণ সম্পাদকের সৌজন্য সাক্ষাত

বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার সভাপতি অধ্যাপক শামস্ রহমান এবং সাধারণ সম্পাদক জনাব আনিসুর রহমান রিতু গত ১৩ সেপ্টেম্বর ২০০৯ খ্রিঃ তারিখ রোজ রবিবার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে তাঁর সংসদ ভবনস্থ কার্যালয়ে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

নেতৃবৃন্দ মাননীয় প্রধানমন্ত্রীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান এবং অস্ট্রেলিয়াস্থ বাংলাদেশী কমিউনিটির কার্যকলাপের বিভিন্ন দিক নিয়ে বিশদ আলোচনা করেন। মাননীয় প্রধানমন্ত্রীকে তারা গত জুলাই মাসে অনুষ্ঠিত কাউন্সিল অধিবেশনের মাধ্যমে গণতান্ত্রিক পদ্ধতিতে অনুষ্ঠিত সম্মেলন এবং গঠিত কমিটি সম্পর্কে সদয় অবহিত করেন। উল্লেখ যে, গত ২৩ আগস্ট সিডনির মেট্রোভিল স্কুল অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় চিফ হুইপ উপাধ্যক্ষ মোঃ আবদুস শহীদ-এর উপস্থিতিতে পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়।

নেতৃবৃন্দ মাননীয় প্রধানমন্ত্রীর সাথে অস্ট্রেলিয়া এবং বাংলাদেশের মধ্যে সম্ভাব্য ব্যবসা-বাণিজ্যের উন্নয়ন ও অর্থনৈতিক বিনিয়োগ, উচ্চতর ও কারিগরী শিক্ষা এবং ডিজিটাল বাংলাদেশ সংক্রান্ত বিবিধ বিষয় নিয়েও আলাপ-আলোচনা করেন। সে সময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় সংসদের চিফ হুইপ উপাধ্যক্ষ মোঃ আবদুস শহীদ এম. পি., মোস্তফা জামাল মহিউদ্দিন

এম. পি., বাংলাদেশ যুবলীগ-এর কেন্দ্রীয় কমিটির সদস্য জনাব শ্যামল কুমার রায় প্রমুখ।



**প্রচার ও প্রকাশনীসম্পাদক**

আশরাফ তারিক বাপ্পী

বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা